

💵 সহীহ হাদীসের আলোকে সাওম বিশ্বকোষ

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায়: সহীহ হাদীসের আলোকে সাওম রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

কোনো ব্যক্তি তার ভাইয়ের নফল সাওম ভঙ্গের জন্য কসম দিলে এবং তার জন্য এ সাওমের কাযা ওয়াজিব মনে না করলে, যখন সাওম পালন না করা তার জন্য উত্তম হয়

আউন ইবন আবু জুহায়ফা রাদিয়াল্লাহু 'আনহু তার পিতা থেকে বর্ণনা করেন, তিনি বলেন,

«آخَى النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ بَيْنَ سَلْمَانَ، وَأَبِي الدَّرْدَاءِ، فَزَارَ سَلْمَانُ أَبَا الدَّرْدَاءِ، فَرَأَى أُمَّ الدَّرْدَاءِ مُتَبَذِّلَةً، فَقَالَ لَهَا: مَا شَأْنُكِ؟ قَالَتْ: أَخُوكَ أَبُو الدَّرْدَاءِ لَيْسَ لَهُ حَاجَةٌ فِي الدُّنْيَا، فَجَاءَ أَبُو الدَّرْدَاءِ فَصَنَعَ لَهُ طَعَامًا، فَقَالَ: كُلْ؟ قَالَ: فَإِنِي صَائِمٌ، قَالَ: مَا أَنَا بِآكِلِ حَتَّى تَأْكُلَ، قَالَ: فَأَكَلَ، فَلَمَّا كَانَ اللَّيْلُ فَلَا اللَّيْلُ فَلَمَّا كَانَ اللَّيْلُ فَلَا اللَّيْلُ فَلَانَ اللَّهُ سَلْمَانُ: إِنَّ لِرَبِّكَ فَنَامَ، ثُمَّ ذَهَبَ يَقُومُ فَقَالَ: نَمْ، فَلَمَّا كَانَ مِنْ آخِرِ اللَّيْلِ قَالَ: سَلْمَانُ قُم الآنَ، فَصَلَّيَا فَقَالَ لَهُ سَلْمَانُ: إِنَّ لِرَبِّكَ عَلَيْكَ حَقًّا، وَلِأَهْلِكَ عَلَيْكَ حَقًّا، وَلِأَهْلِكَ عَلَيْكَ حَقًّا، فَأَعْطِ كُلَّ ذِي حَقٍّ حَقَّهُ، فَأَتَى النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَذَكَرَ ذَلِكَ لَهُ، فَقَالَ النَّبِيُّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ: «صَدَقَ سَلْمَانُ»

"নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালমান ও আবু দারদা রাদিয়াল্লাহু 'আনহুমার মাঝে ভ্রাতৃত্ব বন্ধন করে দেন। (একবার) সালমান রাদিয়াল্লাভ 'আনভ আবু দারদা রাদিয়াল্লাভ 'আনভর সাথে সাক্ষাৎ করতে এসে উম্মে দারদা রাদিয়াল্লাভ 'আনহাকে মলিন কাপড পরিহিত দেখতে পান। তিনি এর কারণ জিজ্ঞাসা করলে উম্মে দারদা রাদিয়াল্লাহু 'আনহা বললেন, আপনার ভাই আবু দারদার পার্থিব কোনো কিছর প্রতি মোহ নেই। কিছক্ষণ পরে আবু দারদা রাদিয়াল্লাহু 'আনহু এলেন। তারপর তিনি সালমান রাদিয়াল্লাহু 'আনহুর জন্য আহার্য প্রস্তুত করান এবং বলেন, আপনি খেয়ে নিন, আমি সাওম পালন করছি। সালমান রাদিয়াল্লাহু 'আনহু বললেন, আপনি না খেলে আমি খাবো না। এরপর আবু দারদা রাদিয়াল্লাহু 'আনহু সালমান রাদিয়াল্লাহু 'আনহুর সঙ্গে খেলেন। রাত হলে আবু দারদা রাদিয়াল্লাহু 'আনহু (সালাত আদায়ে) দাঁড়াতে গেলেন। সালমান রাদিয়াল্লাহু 'আনহু বললেন, এখন ঘুমিয়ে যান। আবু দারদা রাদিয়াল্লাহু 'আনহু ঘুমিয়ে পড়লেন। কিছক্ষণ পরে আবু দারদা রাদিয়াল্লাহু 'আনহু আবার সালাতে দাঁডাতে উদ্যত হলেন, সালমান রাদিয়াল্লাহু 'আনহু বললেন, ঘমিয়ে যান। যখন রাতের শেষভাগ হলো, সালমান রাদিয়াল্লাহু 'আনহু আবু দারদা রাদিয়াল্লাহু 'আনহুকে বললেন, এখন দাঁড়ান। এরপর তারা দু'জনে সালাত আদায় করলেন। পরে সালমান রাদিয়াল্লাহু 'আনহু তাঁকে বললেন, আপনার রবের হক আপনার ওপর আছে। আপনার নিজেরও হক আপনার ওপর রয়েছে। আবার আপনার পরিবারেরও হক রয়েছে। প্রত্যেক হকদারকে তার হক প্রদান করুন। এরপর আবু দারদা রাদিয়াল্লাহু 'আনহু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট উপস্থিত হয়ে এ ঘটনা বর্ণনা করলেন। (সব শুনে) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, সালমান ঠিকই বলেছে" ৷[1]

>

ফুটনোট



[1] সহীহ বুখারী, হাদীস নং ১৯৬৮।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=10889

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন